## প্রশিক্ষণের

# উদ্দেশ্য

কর্মহীন বেকার নারীদের বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে তাদের স্বাবলম্বী করে তোলা সম্ভব । তেমনি একটি হলো আমাদের হাউজকিপিং প্রশিক্ষণ। যে সকল নারীরা হোটেল ইন্ডাস্ট্রিতে কাজ করতে ইচ্ছুক তাদের জন্য এই প্রশিক্ষণটি ফলপ্রসূ। বর্তমানে সারাবিশ্বে হাউজকিপিং জনপ্রিয় হয়ে উঠেছে। সেই দৃষ্টিকোণ থেকে এই কোর্সটির গুরুত্ব অপরিসীম। একজন মেয়ে বা নারী এই প্রশিক্ষণ গ্রহণের পর যেকোনো ধরনের হোটেল, মোটেল বা রিসোর্টে তার ক্যারিয়ার শুরু করতে পারে। আবার কেউ যদি চায় বিদেশে কোন হোটেল বা রিসোর্টে চাকরির সুযোগ পেতে পারে । এভাবে সে তার নিজের সাথে সাথে তার পরিবারের উন্নতি সাধন করতে সক্ষম।

# লক্ষ্য

হাউজকিপিং প্রশিক্ষণের মাধ্যমে এই বিষয়ের ওপর ব্যাপক দক্ষতা অর্জন করা।

কোর্স শেষে কর্মের মাধ্যমে উপার্জন করে পরিবারের পাশে দাঁড়ানো।

প্রশিক্ষণের মাধ্যমে নিজের আত্মবিশ্বাস অর্জন এবং তা বৃদ্ধি করা।

এই প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে নারীদের আত্মনির্ভরশীলতা দৃঢ় করা।

প্রশিক্ষণের মাধ্যমে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হওয়া।

সমাজের মানুষের দৃষ্টি ভঙ্গিতে পরিবর্তন আনয়ন ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তৃণমূল পযায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প
জাতীয় মহিলা সংস্থা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা

# হাউজকিপিং লেকচার প্ল্যান


| দিন | পাঠ্য বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ম দিন | উদ্বোধন ও পরিচয় পর্ব | ১ |
| ২য় দিন | উদ্দেশ্য এবং গুরুত্ব | ১ |
| ৩য় দিন | হাউজকিপিং সিলেবাসওকোর্স টপিক | ১ |
| ৪র্থ দিন | ইন্ট্রোডাকশন অব হাউজকিপিং | ২ |
| ৫ম দিন | হাউজকিপিং এর সংজ্ঞা | ২ |
| ৬ষ্ঠ দিন | হাউজকিপিং স্কিল | ২ |
| ৭ম দিন | হাউজকিপিং কোর্সের বিস্তারিত | ২ |
| ৮ম দিন | টিপস এন্ড ট্রিক্স অব হাউজকিপার | ৩ |
| ৯ম ও ১০ম দিন | গেস্টরুম এটেন্ড ও বেড ডেকোরেশন | ৩ |
| ১১ তম দিন | টাইপস ও রুলস অব হাউজকিপিং | ৪ |
| ১২, ১৩ ও ১৪ দিন | টাওয়েল আর্ট (ফ্লাওয়ার) | ৪ |
| ১৫ ও ১৬ তম দিন | হাউজকিপিং প্রসিডিউর | ৪ |
| ১৭ তম দিন | গুরুত্বপূর্ণ প্রশ্ন ও উত্তর | ৭ |
| ১৮ তম দিন | ক্লীনিং এজেন্ট | ৭ |
| ১৯ ও ২০ তম দিন | টাওয়েল আর্ট (অ্যানিমেলস) | ৮ |
| ২১ তম দিন | ক্লীনিং টুলস (লাইট) | ৯ |
| ২২ তম দিন | রিভিউ ক্লাস | ৯ |
| ২৩ তম দিন | ক্লীনিং ইকুইপমেন্টস (হেভী) | ১০ |
| ২৪ তম দিন | কমিউনিকেশন | ১১ |
| ২৫ তম দিন | বেড লিনেন এন্ড টাওয়েল সাইজ | ১১ |

| দিন | পাঠ্য বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ২৬ ও ২৭ দিন | টাওয়েল আর্ট (অ্যানিমেলস) | ১২ |
| ২৮ তম দিন | ভিডিও প্রদর্শনের মাধ্যমে ক্লাস (হোটেল রুম ডেকোরেশন) | ১২ |
| ২৯ তম দিন | হাউজকিপার পার্সোনালিটি | ১২ |
| ৩০ তম দিন | এডিশনাল টাস্ক | ১২ |
| ৩১ তম দিন | ভিডিও প্রদর্শনের মাধ্যমে ক্লাস (বাথরুম ক্লীনিং) | ১৩ |
| ৩২ ও ৩৩ তম | ক্লাস ৩১: টাওয়েল আর্ট (ফোল্ডিং) | ১৩ |
| ৩৪ তম দিন | ডাইভার্স সিচুয়েশন হ্যান্ডেল | ১৩ |
| ৩৫ তম দিন | ভিডিও প্রদর্শনের মাধ্যমে ক্লাস (সার্ভিস ক্লীনিং) | ১৩ |
| ৩৬ তম দিন | ইন্টারভিউ ফেসিং | ১৪ |
| ৩৭ তম দিন | রিভিউ ক্লাস | ১৪ |
| ৩৮ তম দিন | পরীক্ষা ১ (লিখিত) | ১৪ |
| ৩৯ তম দিন | পরীক্ষা ২ (ব্যবহারিক) | ১৪ |
| ৪০ তম দিন | পরীক্ষা ৩ (ভাইবা / মৌখিক) | ১৪ |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

# ১ম দিন

উদ্বোধন, পরিচয় পর্ব

প্রথম ক্লাসে আমরা কোর্সের উদ্বোধন করব। সেদিন আমরা একে অপরের সাথে পরিচিত হব। কে কোথা থেকে এসেছেন, কেন এই প্রশিক্ষণটি করতে চান ইত্যাদি বিষয়ে জানার চেষ্টা করব। সেইসাথে কোর্সের আনুষাঙ্গিক সকল বিষয়ে সংক্ষিপ্ত আকারে আলোচনা করব।

# ২য় দিন

উদ্দেশ্য এবং গুরুত্ব

কর্মহীন বেকার নারীদের বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে তাদের স্বাবলম্বী করে তোলা সম্ভব । তেমনি একটি হলো আমাদের হাউজকিপিং প্রশিক্ষণ। যে সকল নারীরা হোটেল ইন্ডাস্ট্রিতে কাজ করতে ইচ্ছুক তাদের জন্য এই প্রশিক্ষণটি ফলপ্রসূ । বর্তমানে সারাবিশ্বে হাউজকিপিং জনপ্রিয় হয়ে উঠেছে। সেই দৃষ্টিকোণ থেকে এই কোর্সটির গুরুত্ব অপরিসীম। একজন মেয়ে বা নারী এই প্রশিক্ষণ গ্রহণের পর যেকোনো ধরনের হোটেল, মোটেল বা রিসোর্টে তার ক্যারিয়ার শুরু করতে পারে। আবার কেউ যদি চায় বিদেশে কোন হোটেল বা রিসোর্টে চাকুরীর সুযোগ পেতে পারে । এভাবে সে তার নিজের সাথে সাথে তার পরিবারের উন্নতি সাধন করতে সক্ষম হয়ে উঠবে।
একটি হোটেলকে তার লক্ষ্যে পৌঁছাতে হলে অবশ্যই ভালো একটি হাউজকিপিং টিম নির্বাচন করতে হবে। যারা অত্যন্ত দক্ষভাবে তাদের কার্য সম্পাদন করবেন। ভালো হাউজকিপিং এর মাধ্যমে গেস্টদের মানসম্মত সেবা প্রদান করা সম্ভব। তাই হাউজকিপিং ডিপার্টমেন্টের ওপর হোটেলের গুরু দায়িত্ব অর্পিত থাকে। একজন প্রশিক্ষণপ্রাপ্ত হাউজকিপার সুশৃংখলভাবে তার কার্য সম্পাদনের মাধ্যমে অতিথিদের দৃষ্টি আকর্ষণ করে থাকে এবং অতিথিরা যেন স্বাচ্ছন্দে অবস্থান করতে পারে তা খেয়াল রাখেন। মানসম্মত ও স্বাস্থ্যকর উপায়ে রুমকে পরিপাটি করা ও বাথরুম পরিষ্কার পরিচ্ছন্ন করে রাখতে হাউজকিপিং এর গুরুত্ব অনিবার্য। তাই হোটেল-মোটেল, রিসোর্ট বা অন্যান্য প্রতিষ্ঠানসমূহে হাউজকিপিং এর গুরুত্ব অপরিসীম বলে বিবেচিত হয়। একটি প্রতিষ্ঠানের সাফল্য অনেকটাই নির্ভর করে একটি ভালো হাউজকিপিং ডিপার্টমেন্ট এর ওপর।

# ৩য় দিন

হাউজকিপিং সিলেবাস এবং কোর্স টপিক

৩য় ক্লাসে প্রশিক্ষণার্থীগন আগামি ৩৭ টি ক্লাসে কী কী বিষয়ে প্রশিক্ষণ পাবেন, তার একটি ধারণা পাবেন। এর মধ্যে উল্লেখযোগ্যঃ

- Role of Housekeeping
- Planning & Organizing the Housekeeping Department
- Safety & Security
- Cleaning Procedures

ইত্যাদিসহ এই কোর্সের যে সিলেবাসটি রয়েছে, আমরা প্রশিক্ষণার্থীদেরকে সে সম্পর্কে বিস্তারিত জানাবো।

# ৪র্থ দিন

ইন্ট্রোডাকশন অব হাউজকিপিং

হাউজকিপিং হচ্ছে হোটেলের একটি গুরুত্বপূর্ণ ডিপার্টমেন্টে। একে হোটেলের প্রাণকেন্দ্র বলা হয়ে থাকে। কারণ এটি ছাড়া কোন হোটেল চিন্তা করা যায় না। একটি হোটেলকে সুন্দর, চকচকে ও মার্জিত করে রাখার দায়িত্ব থাকে হাউজকিপিং ডিপার্টমেন্ট এর উপর। এর সাথে সরাসরি যোগাযোগ থাকে ফ্রন্ট ডেস্কের। কারণ চেক-ইন, চেক-আউট, রুম রেডি সংক্রান্ত সকল তথ্য ফ্রন্ট অফিস থেকে জানা যায়। যে কোন নতুন তথ্য এই দুটি ডিপার্টমেন্ট এর মধ্যে সবসময় আদান-প্রদান করা হয়।
এই ক্লাসে আমরা প্রশিক্ষণার্থীদের হাউজকিপিং সম্পর্কে প্রাথমিক কিছু ধারণা দেয়ার চেষ্টা করব।

# ৫ম দিন

হাউজকিপিং এর সংজ্ঞা

হাউজকিপিং হলো এক ধরনের রক্ষণাবেক্ষণ। একটি গৃহ, হোটেল রুম বা কর্মক্ষেত্রকে পরিপাটি ও সুশৃংখলভাবে সাজিয়ে রাখা এবং পরিষ্কার-পরিচ্ছন্ন করে আকর্ষণীয় করে তোলাকে হাউজকিপিং বলে।
হাউজকিপিং মানে পরিষ্কার-পরিচ্ছন্নতা, শৃঙ্খলা বজায় রাখা এবং বাড়ি বা ব্যবসায়িক সম্পত্তি পরিপাটি করে রাখার সমস্ত দায়িত্ব পালন করা। হোটেলের ক্ষেত্রে, হাউজকিপিং ডিউটিগুলির মধ্যে রয়েছে হোটেলকে সর্বোত্তম অবস্থায় রাখা এবং একটি অত্যন্ত পছন্দসই পরিবেশে রাখা। এক্ষেত্রে আমরা হাউজকিপিং কি তা জানবো এবং হাউজকিপিং এর সংজ্ঞা সম্পর্কে বিস্তারিত আলোচনা করব ।

# ৬ষ্ঠ দিন

হাউজকিপিং স্কিল

হাউজকিপিং স্কিল বা দক্ষতা একজন হাউজকিপারের জন্য অত্যন্ত প্রয়োজনীয় একটি বিষয়। একজন হাউজকিপার কে অবশ্যই দক্ষ হতে হবে যাতে করে সে তার কাজটি দক্ষতার সাথে সম্পন্ন করতে পারে। দক্ষতার ওপর ভিত্তি করে একজন হাউজকিপার এবং একজন সাধারণ মেডের পার্থক্য বোঝা যায়। এই ক্লাসে আমরা একজন হাউসকিপারের কি কি দক্ষতা থাকতে হবে বা কোন বিষয়ে তাকে দক্ষ হতে হবে সে বিষয়ে বিশদভাবে আলোচনা করব।

# ৭মদিন

হাউজকিপিং কোর্সের বিস্তারিত

হাউজকিপিং হোটেলের জন্য অত্যান্ত গুরুত্বপূর্ণ একটি ডিপার্টমেন্ট। হাউজকিপারদের দ্বারা অনুসরণীয় বিভিন্ন নীতি রয়েছে। যেমনঃ পরিষ্কার এবং স্বাস্থ্যবিধি নীতি, সুরক্ষা নীতি, আরাম এবং গোপনীয়তার নীতি এবং পরিশেষে সজ্জা। গৃহস্থালির নীতিগুলি বোঝার জন্য এই নীতিগুলো হোটেলের হাউজকিপিং ডিপার্টমেন্টে কী কী সুবিধা দেয় তা জানবো এবং এ উদ্দেশ্যে কোর্সটি কেন করা দরকার সে বিষয়ে আমরা বিশদভাবে আলোচনা  করব।

# ৮ম দিন




টিপস এন্ড ট্রিক্স অব হাউজসকিপার

- একজন হাউজকিপার কে বিভিন্ন ট্রিক্স এপ্লাই করতে হয় যেমনঃ
- বায়ুপ্রবাহের জন্য প্রথমেই রুমের জানালাগুলো খুলে রাখা।
- ব্যাকটেরিয়াল ট্রান্সফার সর্বনিম্ন রাখার জন্য প্রথমে বেডরুম এরিয়া এবং পরে বাথরুম এরিয়া পরিষ্কার করা।
- ক্লীনিংয়ের সকল সরঞ্জাম নির্দিষ্ট একটি ঝুড়িতে রাখা ইত্যাদি।

আজ আমরা হাউজকিপারের ট্রিক্স সমূহ নিয়ে আলোচনা করব। একজন হাউজকিপার কে কী কী টিপস অবলম্বন করতে হয় বা অনুসরণ করতে হয় সেগুলো বিস্তারিত আলোচনা করব।

# ৯ম,১০মদিন

গেস্টরুম এটেন্ড এন্ড বেড ডেকোরেশন

গেস্ট রুম কিভাবে অ্যাটেন্ড করতে হয় অর্থাৎ গেস্টের বেড কিভাবে সুসজ্জিত করতে হয় এবং রুমটি কিভাবে সুন্দরভাবে গুছিয়ে রাখতে হয় এ ক্ষেত্রে আমরা সেটি হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করব।



# ১১তম দিন

টাইপস অব হাউজকিপিং এবং হাউজকিপিং রুলস

হাউজকিপিং এর ২টি প্রকারভেদ রয়েছে। একটি হলো প্রাতিষ্ঠানিক এবং অন্যটি হলো আবাসিক। আজকে আমরা আলোচনা করব হাউজকিপিং এর প্রকারভেদ গুলি নিয়ে। এছাড়াও হাউজকিপিং এর বিভিন্ন রুলস বা নিয়মকানুন রয়েছে যেমনঃ

১ বর্জ্য ও আবর্জনার জন্য একটি এলাকা নির্দিষ্ট করা।
২ উপকরণ স্টক করা বা মজুদ করা ও তা সংরক্ষণ ।
৩ একটি নিরাপদ কর্মক্ষেত্র বজায় রাখা।
৪ প্রবেশপথগুলো পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।
৫ কাজ শেষে যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামসমূহ নিরাপদ স্থানে রাখা।
৬ কোন কিছু নষ্ট হলে বা ভেঙে গেলে তা যথাসময়ে মেরামত করা।
৭ বিভিন্ন তার বা কেবল গুলো যত্নসহকারে রাখা ইত্যাদি।

এই ক্লাসে আমরা এই রুলসগুলো সম্পর্কে বিস্তারিত জানবো।

# ১২,১৩,১৪তম দিন

টাওয়েল আর্ট (ফ্লাওয়ার)

টাওয়েল দিয়ে কিভাবে সুন্দরভাবে বিভিন্ন ফুলের আকৃতির ডেকোরেশন আইটেম বানানো যায় এক্ষেত্রে আমরা সেই জিনিস গুলো শিখবো হাতে-কলমে।





# ১৫,১৬তম দিন

হাউজকিপিং প্রসিডিউর

বিভিন্ন ধরনের কাজের জন্য বিভিন্ন ধরণের প্রসিডিউর ফলো করতে হয় যেমনঃ

১ Sorting বা সাজানো।
২ Setting বা বিন্যাস্ত করা।
৩ Shining বা উজ্জ্বল করা ইত্যাদি।

এই ক্লাসে আমরা সাধারণত কোন কাজের জন্য কোন প্রসিডিউর ফলো করলে কাজটা সহজভাবে সম্পন্ন করা যায়, সে ব্যাপারে বিস্তারিতভাবে আলোচনার মাধ্যমে বিশদভাবে জানার চেষ্টা করব।

# ১৭তম দিন




গুরুত্বপূর্ণ প্রশ্ন ও উত্তর

হাউজকিপিং সম্পর্কে বিভিন্ন ধরনের প্রশ্ন রয়েছে যেমনঃ

১ একজন হাউজকিপারের দায়িত্ব এবং কর্তব্যগুলো কী?
২ হাউজকিপিং এর গুরুত্ব কী?
৩ 5S বলতে কী বুঝায়?
৪ হাউজকিপিং ডিপার্টমেন্টের মেজর স্টাফগুলো কারা ইত্যাদি

আরও অনেক গুরুত্বপূর্ণ প্রশ্নসমূহ জানবো এবং সেগুলোর উত্তর সম্পর্কেও প্রশিক্ষণার্থীদের এই ক্লাসে অবহিত করা হবে।

# ১৮তম দিন

ক্লীনিং এজেন্ট

গেস্ট রুম, গেস্ট বাথরুম এবং হোটেলের পাবলিক এরিয়াগুলো পরিষ্কার করার ক্ষেত্রে যেই লিকুইড মেটেরিয়ালগুলো প্রয়োজন সেগুলোকে আমরা ক্লীনিং এজেন্ট বলে থাকি। এক্ষেত্রে আমরা এইসব ক্লীনিং এজেন্ট সম্পর্কে জানবো এবং এগুলো কিভাবে ব্যবহার করে একটি রুমকে সুন্দরভাবে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা যায় সেটি আলোচনা করব।




# ১৯,২০তম দিন

টাওয়েল আর্ট (অ্যানিমেলস)

টাওয়েল দিয়ে কিভাবে সুন্দরভাবে বিভিন্ন পশু-পাখির আকৃতির ডেকোরেশন আইটেম বানানো যায় আমরা সেই জিনিস গুলো শিখবো হাতে-কলমে।






# ২১তম দিন

ক্লীনিং টুলস (লাইট)

ক্লীনিং এর ক্ষেত্রে কিছু কিছু যন্ত্রপাতি প্রয়োজন হয় যেমনঃ Broom, Cleaning Brush, Wet & Dry Mop etc. যেগুলো ছোট যন্ত্রপাতি হিসেবে পরিচিত। এ ক্ষেত্রে আমরা সেইসব যন্ত্রপাতির সাথে পরিচিত হব এবং এগুলোর কাজ সম্পর্কে জানব।




# ২২তম দিন

রিভিউ ক্লাস

আমরা এই কোর্সের ২০টি ক্লাস অতিবাহিত করেছি এবং শিখেছি। এ পর্যায়ে আমরা ২০টি ক্লাস থেকে কী কী শিখেছি সে ব্যাপারে রিভিউ ক্লাস করব।

# ২৩তম দিন

ক্লীনিং ইকুইপমেন্টস (হেভী)

ক্লীনিং এর ক্ষেত্রে বড় বড় ধরনের কিছু যন্ত্রপাতি প্রয়োজন হয় যেমনঃ Vacuum Cleaner, Zet Pressure Machine, Scrubing Machine etc.। এই ক্লাসে আমরা সেইসব যন্ত্রপাতির নাম এবং সেগুলোর ব্যবহার সম্পর্কে জানব।



SCRUBBING MACHINE



JET PRESSURE MACHINE



POLISHING MACHINE



VACUUM CLEANER



BOX SWEEPER




VAPOR CLEANING MACHINE

# ২৪তম দিন

কমিউনিকেশন


কমিউনিকেশন অর্থাৎ যোগাযোগ, একজন হাউজকিপারকে বিভিন্ন বিভাগের সাথে যোগাযোগ স্থাপন করতে হয় এবং বিভিন্ন মানুষের সাথে বিভিন্ন ধরনের যোগাযোগ রাখতে হয়। প্রতিষ্ঠানের কর্মীরা বিভিন্ন উপায়ে স্বাভাবিক যোগাযোগ রক্ষা করতে পারে যেমন ফেস টু ফেস কথোপকথন, টেলিফোন কল, মেসেজেস, ই-মেইল ইত্যাদি। এই ক্লাসে আমরা যোগাযোগ সম্পর্কে আলোচনা করব।





# ২৫তম দিন

বেড লিনেন এন্ড টাওয়েল সাইজ

একটি হোটেলের রুমে বিভিন্ন ধরনের বেড থাকে এবং বিভিন্ন সাইজের বেডের সাথে বিভিন্ন সাইজের লিনেন ব্যবহার করা হয়। এই ক্লাসে আমরা জানবো বেড সাইজগুলো কেমন হয় এবং তার লিনেন সাইজগুলো কেমন হয়। এছাড়াও হোটেলের রুমে ব্যবহারের জন্য বিভিন্ন সাইজের টাওয়েল সরবরাহ করা হয় সে সম্পর্কেও আমরা এই ক্লাসের জানব।





# ২৬, ২৭তম দিন

টাওয়েল আর্ট (অ্যানিমেলস)

টাওয়েল দিয়ে কিভাবে সুন্দরভাবে বিভিন্ন পশু-পাখির আকৃতির ডেকোরেশন আইটেম বানানো যায় আমরা সেই জিনিস গুলো হাতে-কলমে শিখবো।

# ২৮তম দিন



ভিডিও প্রদর্শনের মাধ্যমে ক্লাস (হোটেল রুম ডেকোরেশন)

এই ক্লাসে আমরা একটি হোটেল রুমকে সুন্দর ভাবে পরিপাটিভাবে গুছিয়ে গেস্টের সামনে উপস্থাপন করা যায় সেটি আমাদের প্রশিক্ষণার্থীদেরকে একটি ভিডিওর মাধ্যমে জানাবো।

# ২৯তম দিন



হাউজকিপার পার্সোনালিটি

একজন হাউজকিপারের হোটেলে জব / চাকুরী করার জন্য যে পারসোনালিটি থাকতে হয়, যে অ্যাটিচিউড থাকতে হয়, তার ব্যবহার, তার ইউনিফর্ম এবং সর্বোপরি তাকে যেই ভদ্রতা ও আন্তরিকতা জানতে হবে এই ক্লাসে আমরা সে ব্যাপারে বিস্তারিত আলোচনা করব।

# ৩০তম দিন

এডিশনাল টাস্ক

একজন হাউজকিপারকে তার কাজের বাইরেও বিভিন্ন কাজ সম্পন্ন করতে হয়। যেমন অনেক সময় গেস্ট কোন অনুরোধ করতে পারে যা প্রাসঙ্গিক। তখন যদি বিষয়টি তার কাজের মধ্যে পড়ে তা যথাসম্ভব তাড়াতাড়ি করে দেওয়া কিংবা যদি বিষয়টি তার কাজের আওতায় না পড়ে তাহলে সংশ্লিষ্ট ব্যক্তিকে দিয়ে করিয়ে দেওয়া। এতে গ্রাহকের সন্তুষ্টি বৃদ্ধি পায়। হোটেল বা প্রতিষ্ঠানের প্রতি গ্রাহকের পজিটিভ মনোভাব বৃদ্ধি পায়। এ পর্যায়ে আমরা সে ব্যাপারে বিস্তারিত জানব।

# ৩১তম দিন



ভিডিও প্রদর্শনের মাধ্যমে ক্লাস (বাথরুম ক্লীনিং)

এই ক্লাসে আমরা ভিডিও প্রদর্শনের মাধ্যমে কিভাবে একটি বাথরুম ক্লীন করার জন্য উপযুক্ত ক্লিনার ব্যবহার করে সুন্দরভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করতে পারি গেস্ট এর ব্যবহারের জন্য, সেটি দেখব।

# ৩২,৩৩তম দিন





টাওয়েল আর্ট (ফোল্ডিং)

হোটেলের বাথরুমে বিভিন্ন ধরনের টাওয়েল ব্যবহার করা হয়। এগুলো হোটেলের পক্ষ থেকে গেস্টের জন্য সরবরাহ করা হয় কিন্তু এই টাওয়েলগুলো সাধারণভাবে রাখা হয় না । এগুলো সুন্দর করে ভাজ করে বা ফোল্ড করে গেস্টদের সামনে উপস্থাপন করা হয়। বিভিন্ন ধরনের ফোল্ডিং গুলো আমরা হাতে-কলমে প্রশিক্ষণ দিব এবং সকল প্রশিক্ষনার্থীদের নিয়ে আজ  সেগুলো প্র্যাকটিস্ করবো।

# ৩৪তম দিন

ডাইভার্স সিচুয়েশন হ্যান্ডেল

অনেক সময় কাজের ক্ষেত্রে বিভিন্ন অনাকাঙ্খিত ঘটনা ঘটে। সেই ঘটনাগুলো বা বিষয়গুলো কিভাবে হ্যান্ডেল করতে হবে তা প্রত্যেকটি হাউজকিপারকে জানতে হয়। আজকের ক্লাসে এই বিষয়গুলো কিভাবে হ্যান্ডেল করতে হয় তা প্রশিক্ষণার্থীদেরকে জানাবো।

# ৩৫ তম দিন

ভিডিও প্রদর্শনের মাধ্যমে ক্লাস (সার্ভিস এরিয়া ক্লীনিং)

হোটেলের বিভিন্ন সার্ভিস এরিয়াগুলো ক্লীন করার জন্য বিভিন্ন ধরনের বড় বড় ইকুইপমেন্ট বা মেশিন ব্যবহৃত হয়। কি কি মেশিন কিভাবে ইউজ করতে হয় এবং কিভাবে সেগুলো ক্লীন করার ক্ষেত্রে ব্যবহার করা হয়, সর্বোপরি কোন কোন মেশিন প্রয়োজন হয় একটি ভিডিওর মাধ্যমে আমরা সে ব্যাপারে বিস্তারিত দেখব এবং জানবো

# ৩৬তম দিন



ইন্টারভিউ ফেসিং

জব / চাকুরীর জন্য কোথাও যদি কোনও প্রশিক্ষণার্থী আবেদন করেন তাহলে কিভাবে ইন্টারভিউটা ফেস করতে হবে, ইন্টারভিউতে কী কী প্রশ্ন সাধারনত আসে এবং সেগুলোর উত্তর কিভাবে করতে হবে এবং সর্বোপরি হাউজকিপিংয়ের যেকোনো ইন্টারভিউতে কিভাবে কনফিডেন্সের সাথে ভাল করা যায়, এ পর্যায়ে আমরা তাদেরকে সে সম্পর্কে ধারণা দিব।

# ৩৭তম দিন

রিভিউ ক্লাস

আমরা এই কোর্সের প্রায় সবগুলি ক্লাস অতিবাহিত করেছি। এ পর্যায়ে আমরা বিগত ক্লাসগুলো থেকে যা শিখেছি সে ব্যাপারে রিভিউ জানবো। ক্লাসগুলো শেষে কারো যদি কোনকিছু বুঝতে সমস্যা থাকে সে ব্যাপারে আমরা আবার বুঝাবো এবং কারো যদি কিছু জানার থাকে আমরা সে ব্যাপারে আলোচনা করব।

# ৩৮তম দিন

পরীক্ষা ১ (লিখিত)

কোর্সের সবগুলো ক্লাস শেষ হওয়ার পরে পরীক্ষা গ্রহণ করা হবে। প্রথম পরীক্ষা হবে লিখিত পরীক্ষা।

# ৩৯তম দিন

পরীক্ষা ২ (ব্যবহারিক)

দ্বিতীয় পরীক্ষার দিন আমরা ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করব।

# ৪০তম দিন

পরীক্ষা ৩ (ভাইবা / মৌখিক)

এ পর্যায়ে আমরা প্রশিক্ষনার্থীদের একটি ভাইবা পরীক্ষার মাধ্যমে পরীক্ষা পর্ব শেষ করব ।